



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ



কার্যালয় : ইউপি কার্যালয়
উপজেলা : সদরপুর

ডাকঘর : আকোটেরচর
জেলা : ফরিদপুর

উপস্থিত সদস্যবৃন্দের নাম

তারিখ : ২৫/০৭/২০২৩ ইং

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম	পদবি	কমিটিতে পদবি	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব আসলাম বেপারী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব রোজিনা খাতুন	সংরক্ষিত সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব তাহমিনা আক্তার	সংরক্ষিত সদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব রাশেদা	সংরক্ষিত সদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব রব খালাসী	সাধারণ ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোহাম্মদ আলী	সাধারণ ইউপি সদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব রাজ্জাক বেপারী	সাধারণ ইউপি সদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব আনোয়ার হোসেন	সাধারণ ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯					
১০	জনাব ফারুক	সাধারণ ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব আলতাফ হোসেন বিশ্বাস	সাধারণ ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সোলাইমান মোল্যা	সাধারণ ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব গোলাম কিবরিয়া	সাধারণ ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	

আলোচনার বিষয়ঃ

- ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে
- ০২। জুলাই/২০২৩মাসের আইনশৃঙ্খলা কমিটির সাধারণ সভা প্রসঙ্গে।
- ০৩। আকোটেরচর ইউনিয়ন পরিষদের ১-৯ নং ওয়ার্ডের যে সকল বয়স্ক ভাতভোগী মৃত্যুবরণ করেছে তালিকা প্রস্তুত করে এবং তাদের পরিবর্তে নতুন নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।
- ০৪। বিবিধ

অদ্যকার সভার শুরুতে আছলাম বেপারী , চেয়ারম্যান, ২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর সভাপতির আসন গ্রহণ করেন । সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

আলোচনা নং ০১- অদ্যকার সভার শুরুতে গত সভার বার্ষিক বিবরণী পাঠ করে শুনানো হলে সভায় তা সর্ব সম্মতি ক্রমে গৃহিত হলো ।

আলোচনা নং ০২- অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন ।

সভাপতি মহোদয় আলোকপাত করেন যে, সাম্প্রতিক সময়ে আকোটেরচর ইউনিয়নে মাদকের প্রকোপ অনেক বেড়ে গিয়েছে । এমতাবস্থায় অত্র ইউনিয়নের সকল ইউপি সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যদের সংশ্লিষ্ট ওয়ার্ডের দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন । এছাড়াও বিভিন্ন অসৎ চক্র সমাজ ব্যবস্থাকে ধ্বংস করার জন্য বিভিন্ন ধরনের মাদকদ্রব্য ছড়িয়ে দিচ্ছে । তরুণ সমাজে মাদকাসক্ত হয়ে নেশা গ্রস্থ হয়ে পড়ছে । এমতাবস্থায় সভাপতি মহোদয় প্রত্যেক ওয়ার্ডের গ্রাম পুলিশকে সজাগ থাকার নির্দেশ দেন । কোন অসামাজিক কার্যক্রম সংগঠিত হলে সাথে সাথে থানায় রিপোর্ট করতে নির্দেশনা দেন । তিনি আরো বলেন যে, অপরাধী যতই শক্তিশালী হোক না কেন, তার কঠোর হস্তে দমন করা হবে । তিনি ইউনিয়নের সকল মসজিদের ইমাম ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে এ বিষয়ে সচেতন করার লক্ষে দিক নির্দেশনা দেন এবং সকল ওয়ার্ড মেম্বারকে সজাগ থাকার নির্দেশনা দেন । সভাপতি মহোদয় আরও জানান যে, সামনে জাতীয় নির্বাচন , জাতীয় নির্বাচন কে কেন্দ্র করে অত্র ইউনিয়নে যেন কোন অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি না হয় সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে বলেন । তিনি ইউনিয়নের শান্তি শৃংখলা বজায় রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন ।

আলোচনা নং ০৩ঃ অদ্যকার সভায় সভাপতি মহোদয় আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর ফরিদপুরের মারফত জানতে পারেন যে, আকোটেরচর ইউনিয়ন পরিষদের ১-৯ নং ওয়ার্ডের যে সকল বয়স্ক ভাতভোগী মৃত্যুবরণ করেছে তালিকা প্রস্তুত করে এবং তাদের পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডে (বয়স্কভাতা (পুরুষের পরিবর্তে পুরুষ ও মহিলার পরিবর্তে মহিলা) নতুন বয়স্কভাতার নাম দেওয়া যাবে । সভাপতি মহোদয় আরও জানান যে, মৃত ব্যক্তির বয়স্কভাতার বহির তথ্য ও অন্তর্ভুক্তির জন্য নতুন বয়স্কভাতাভোগীর নাম (জাতীয় পরিচয়পত্র ও নিজস্ব বিকাশ নাম্বার) অন্যান্য তথ্য ছক মোতাবেক প্রস্তুত করিয়া উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন ।

সিদ্ধান্ত : উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অত্র সভায় দীর্ঘ সময় আলোচনার চাহিত ছক মোতাবেক তালিকা প্রস্তুত করিয়া উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানাইয়া সভার শেষ করেন ।



আছলাম বেপারী

চেয়ারম্যান

২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ

সদরপুর, ফরিদপুর ।

